

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
বীর উত্তম এ, কে খন্দকার রোড  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

২১/০৮/২০১৬খ্রিঃ

স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.২০.০১২.১৬-৪১

তারিখঃ -----।

০৬ ভাদ্র ১৪২৩ বং

বিষয়ঃ টেউটিন ও গৃহ-নির্মাণ ব্যয় বাবদ অর্থ বরাদ্দ প্রদান প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৭.১৫- ৪০৪, তারিখঃ ২১ আগস্ট ২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলায় অদ্য ২১/০৮/২০১৬ ইং তারিখে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে বিতরণের জন্য ১০০ (একশত) বাস্তব টেউটিন এবং একই সাথে গৃহ নির্মাণ ব্যয় বাবদ বাস্তব প্রতি টেউটিনের জন্য ৩০০০/- (তিন হাজার) টাকা হিসেবে (৩০০০ X ১০০)= ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা গৃহনির্মাণ মঞ্জুরী খাত হতে বরাদ্দ প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- (ক) ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত উপজেলায় অগ্রাধিকার ভিত্তিতে এ বরাদ্দকৃত টেউটিন ও গৃহনির্মাণ ব্যয় বাবদ অর্থ বিতরণ করতে হবে।
  - (খ) টেউটিন বরাদ্দ প্রাপ্ত প্রাপ্ত/প্রতিষ্ঠানের নিজস্ব জায়গা থাকতে হবে।
  - (গ) টেউটিন বিতরণের সাথে আবশ্যিকভাবে বাস্তব প্রতি ৩০০০/- (তিন হাজার) টাকা হারে নগদ টাকা ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।
  - (ঘ) টেউটিনের সাথে বরাদ্দকৃত টাকা টেউটিন বিতরণ ব্যতীত অন্য কোন ভাবে বিতরণ করা যাবেনা।
- ২। মঞ্জুরীকৃত অর্থ চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম- সাধারণ-৫৯০০-সাহায্য, মঞ্জুরী-৫৯০৭-গৃহ বাবদ মঞ্জুরী খাত হতে নির্বাহ হবে।
  - ৩। সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাদ্দকৃত টেউটিন ও গৃহনির্মাণ ব্যয় বাবদ অর্থ বিতরণে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ ও সরকারী বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
  - ৪। বরাদ্দকৃত টেউটিন তেজগাঁও সিএসডি ত্রাণ গুদাম, ঢাকা হতে ঢাকা অঞ্চলের “সিএন্ডএফএজেন্ট ও পরিবহন ঠিকাদার” এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে।
  - ৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

জেলা প্রশাসক,  
ফরিদপুর।

(মোঃ ইফতেখারুল ইসলাম)  
পরিচালক (ত্রাণ)  
ফোনঃ ৯৮৬০৩৮৬।

স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.২০.০১২.১৬-৪১

তারিখঃ ২১/০৮/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আঃ গণি রোড, ঢাকা। তাঁকে গৃহ নির্মাণ ব্যয় বাবদ বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র সংশ্লিষ্ট জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে জরুরী ভিত্তিতে জারী করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, তেজগাঁও সিএসডি ত্রাণ গুদাম, ঢাকা। তাঁকে ফরিদপুর জেলায় বরাদ্দকৃত মোট ১০০ (একশত) বাস্তব টেউটিন তেজগাঁও সিএসডি ত্রাণ গুদাম, ঢাকা হতে ঢাকা অঞ্চলের “সিএন্ডএফএজেন্ট ও পরিবহন ঠিকাদার” মেসার্স সাম সিডিকেট (প্রাঃ) লিঃ, ৪৯ নয়াপল্টন, ঢাকা এর মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ফরিদপুর।
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর।
- ৮। মেসার্স সাম সিডিকেট (প্রাঃ) লিঃ, ৪৯ নয়াপল্টন, ঢাকা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর, ঢাকা।
- ১০। সংরক্ষণ নথি।

(মোঃ ইফতেখারুল ইসলাম)  
পরিচালক (ত্রাণ)